# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

# For Procurement of Goods

(Request for Quotation Method)

ISO 9001:2015 Certified

## চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
## রালদিয়া, বাবুরহাট, চাঁদপুর।

"চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি ছাঁপানোর দরপত্র নং: ১৫/২০২৩-২০২৪"

প্রশাসন বিভাগ
চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
বাবুরহাট, চাঁদপুর।

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ বাবুরহাট, চাঁদপুর

শেখ হাসিনার উদ্যোগ

# চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

বাবুরহাট, চাঁদপুর

যোগাযোগ:
ইমেইল:chandpurpbs2@gmail.com
ওয়েবসাইট:pbs2.chandpur.gov.bd

স্মারক নং: ২৭.১২.১৩২২.৫৭৮.০১.০৩৮.২৩. ১২৫০

তারিখ: ২২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ / ০৭ অক্টোবর ২০২৩ খ্রি:

বিষয়: কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি ছাঁপানোর জন্য দরপত্র আহবান (দরপত্র নং ১৫/২০২৩-২০২৪)।

১। চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিজস্ব তহবিলের আওতায় বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি ছাঁপানোর লক্ষ্যে [illegible] ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে দরপত্র আহবান করা যাচ্ছে।

২। মালামাল সরবরাহে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ [illegible] ডিজাইন এবং নকশা অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩। এতদসংগে সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েবসাইট pbs2.chandpur.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহণযোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে চাঁদপুর পবিস-২ [illegible] কোটেশন দলিল সংগ্রহপূর্বক দর দাখিল করা যাবে।

৪। নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থানে অর্থাৎ ক) জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, রালদিয়া, বাবুরহাট, চাঁদপুর অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬। সিলমোহরকৃত খাম আগামী ১২/১০/২০২৩ খ্রি: **তারিখ এবং সময়**: বেলা ১২:০০ ঘটিকায় কোটেশন ৪ নং অনুচ্ছেদে বর্ণিত [illegible] দাখিল করা যাবে। কোটেশনের খামে "বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি ছাঁপানোর জন্য কোটেশন এবং আগামী ১২/১০/২০২৩ খ্রি: **তারিখ এবং সময়**: বেলা ১২:০৫ এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের [illegible] প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭। প্রাপ্ত দরপত্রসমূহ ১২/১০/২০২৩ খ্রি: তারিখ বেলা ১২:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস'র ওয়েবসাইট pbs2.chandpur.gov.bd এ দেখা যাবে।

৮। ফ্যাক্স বা ইলেক্ট্রনিক মেইলের মাধ্যমে দাখিলকৃত দর গ্রহণযোগ্য হবে না।

৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

১০। কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন সমূহ ক্রমিক নং: ৪ এ বর্ণিত স্থানসমূহে যথাযথ কর্তৃপক্ষ [illegible] ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১১। মালামাল সরবরাহের জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক মালামাল সরবরাহের পর এবং সমিতির প্রতিনিধির মাধ্যমে মালামাল [illegible] গুণগত মানসন্তোষজনক সাপেক্ষে গ্রহণ করা হবে। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষে [illegible] চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য [illegible] (প্রয়োজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১২। দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধ ও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য যদি গৃহীত হয়, তবে তা চুক্তি কালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৩। কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরুপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর (হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র) ও ভ্যাট নিবন্ধন (ভ্যাট নিবন্ধন সনদপত্র) নম্বর এর অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক স্বচ্ছলতার সনদপত্রের অনুলিপি দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৪। আগ্রহী দরদাতাকে দরপত্র দাখিলের পূর্বে মালামালের নমুনা অবশ্যই অত্র পবিস সদর থেকে দেখে দরপত্র দাখিল করতে হবে। বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি এর নমুনা আগামী ১১/১০/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে) দেখা যাবে। সকল দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির পর অত্র অফিস থেকে মালামালের নমুনা গ্রহণ পূর্বক হুবহু নমুনা অনুযায়ী বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি ছাপাতে হবে। অন্যথায় বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৬। উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৭। কার্যাদেশ জারীর তারিখ থেকে ১০ (দশ) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৮। নির্ধারিত তারিখের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যাথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

১৯। মালামাল এর পরিমাণ কম/বেশী হতে পারে এবং মালামালের নমুনা দরপত্র দাখিল করার পূর্বে অত্র পবিস হতে দেখা যেতে পারে।

২০। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

কোটেশন আহবানকারী কমকর্তার স্বাক্ষর

নাম: ...................................

পদবি: ...................................

তারিখ: ...................................

ঠিকানা: .............................. ফোন নম্বর: ...........................

ই-মেইল: .....................

(প্রকৌঃ মোঃ রাশেদুজ্জামান)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

**অনুলিপিঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে) নোটিশ বোর্ডের টানানোর অনুরোধসহ:**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা- **(বর্ণিত তারিখ ও সময়ে দরপত্র গ্রহণ ও খোলার অনুরোধসহ)।**
০২। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা- (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো)।
০৩। জেলা প্রশাসক, চাঁদপুর।
০৪। পুলিশ সুপার, চাঁদপুর।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন, বাপবিবো, চাঁদপুর।
০৬। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/গণপূর্ত/এলজিইডি, চাঁদপুর।
০৭। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, চাঁদপুর।
০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ................................................................ পবিস-১/২/৩/৪।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, ............................................. উপজেলা, চাঁদপুর।
১০। ডিজিএম,সদর দপ্তর-কারিগরী/ফরিদগঞ্জ/মতলব দক্ষিণ/মতলব উত্তর জোনাল অফিস, চাঁদপুর পবিস-২।
১১। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/এমএস/ইএন্ডসি/আইটি), চাঁদপুর পবিস-২।
১২। এজিএম (ওএন্ডএম), কামতা/হাইমচর সাব-জোনাল অফিস, চাঁদপুর পবিস-২।
১৩। এজিএম (আইটি), চাঁদপুর পবিস-২ (বিজ্ঞপ্তি ই-মেইলে প্রেরণ এবং ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিতসহ প্রমাণক সংরক্ষণ করবেন)
১৪। নোটিশ বোর্ড।
১৫। i) ডিজিএম, ফরিদগঞ্জ জোনাল অফিস, চাঁদপুর পবিস-২।
ii) সহ: প্রকৌশলী (প্র: বিভাগ), বাপবিবো, চাঁদপুর।
iii) এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), চাঁদপুর পবিস-২।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা অনুরোধসহ।

(প্রকৌঃ মোঃ রাশেদুজ্জামান)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ বাবুরহাট, চাঁদপুর

কোটেশন দাখিলপত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

প্রতি
জেনারেল ম্যানেজার
চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
রালদিয়া, বাবুরহাট, চাঁদপুর।

কোটেশনের স্মারক নম্বর: ১৫/২০২৩-২০২৪, তারিখ: ০৭/১০/২০২৩ খ্রিঃ।
স্মারক নং: ২৭.১২.১৩২২.৫৭৮.০১.০৩৮.২৩.      , তারিখ: ০৭/১০/২০২৩ খ্রিঃ।

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে সরবরাহ করার জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা ____________ কথায়ঃ ____________

আমার/আমাদের কোটেশন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (RFQ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি) তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ০৭/১০/২০২৩ খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (RFQ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর
তারিখ:

# পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

স্মারক নং: ২৭.১২.১৩২২.৫৭৮.০১.০৩৮.২৩.          , তারিখ: ০৭/১০/২০২৩ খ্রিঃ।

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমাণ | একক দর/মূল্য |  | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
|  |  |  |  |  | অংকে | কথায় | অংকে |  |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১ |  | বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি ১০"x৭.৫" এক পৃষ্ঠা ছাপা, উন্নতমানের নিউজপ্রিন্ট কাগজ (নমুনা মোতাবেক) | কপি | ৪,২৫,০০০ |  |  |  | চাঁদপুর পবিস-২ এর সদর দপ্তর রালদিয়া, বাবুরহাট, চাঁদপুর |
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরণের ট্যাক্সসহ; নিম্নোক্ত ২ নং নোট দেখুন) |  |  |  |  |  | অংকে মোট টাকা |  |  |
|  |  |  |  |  |  | কথায় মোট টাকা |  |  |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, রালদিয়া, বাবুরহাট, চাঁদপুর। |
| মোট মূল্য টাকায় (কথায়) | উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য ____________ |
| প্রস্তাবিত সরবরাহ | ১০ (দশ) দিনের মধ্যে ক্রয় আদেশ জারির তারিখ থেকে। |
| প্রদত্ত ওয়ারেন্টি (Warranty) |  |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের তফশীলে ____________ টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: ____________ |
| কোটেশনদাতার নাম: |  |

টীকা:

১। কলাম ১, ২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ ★ বাবুরহাট, চাঁদপুর ★

## আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | - | বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি | ১০"×৭.৫" এক পৃষ্ঠা ছাপা, উন্নতমানের নিউজপ্রিন্ট কাগজ (নমুনা মোতাবেক) | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: |
| কোটেশনদাতার নাম: | |

টীকা:

১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতার পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একটি সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জসপূর্ণ হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরণ/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ ... চাঁদপুর

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
বাবুরহাট, চাঁদপুর

বিষয়: বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি ছাঁপানোর জন্য কার্যাদেশ।

ক্রয় আদেশ স্মারক নং: ২৭.১২.১৩২২.৫৭৮.০১.০৩৮.২৩.____________, তারিখ: ______________ খ্রিঃ

| | |
|---|---|
| কোটেশন নম্বর: ____________ | তারিখ: ____________ |
| প্রতি:<br>---------------------------- | |
| সরবরাহের তারিখ: ____________ | ক্রয়াদেশের পণ্যের মূল্য: টাকা ____________ |
| সরবরাহ: শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার ____________ তারিখের দাখিলকৃত কোটেশনের দর ১ম সর্বনিম্ন হওয়ায়, দরপত্র মূল্যায়ন কমিটির নিকট বিবেচিত হওয়ায় নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি ছাঁপানোর নিমিত্তে টাকার (কথায় ____________________________) কার্যাদেশ প্রদান করা হল। উল্লিখিত মলামাল সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য: |
| নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখ: |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ণনা মোতাবেক

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
বাবুরহাট, চাঁদপুর

<u>পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী</u>

১। চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২। এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধান প্রযোজ্য হবে।

৩। ক্রয়-আদেশ জারি হওয়ার ____________ দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪। যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫। চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬। ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭। যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮। সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯। অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমানের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০। সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১। মোট চুক্তি মূল্য টাকা অংকে ------------------------------- [কথায়: ----------------------------------------------------------------------]

১২। সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ [মাস উল্লেখ করুন; প্রযোজ্য না হলে 'নেই' উল্লেখ করুন] ।

১৩। ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪। সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫। পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬। ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭। কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮। ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯। ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ <u>(পূর্ণাঙ্গ বিবরণ)</u> অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০। এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী ও সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পতির ব্যবস্থা গ্রহণ করবে।

২১। ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| ক্রেতার জন্য | সরবরাহকারীর জন্য |
| নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর | নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ: | তারিখ: |

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২